

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

নং ৪৬.০৪৬.০১৯.০০.০০.০০১.২০১২-৩৬৬


তারিখ : ২৫ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ
০৮ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয় : উপজেলা পরিষদের রাজস্ব খাতে নিয়োজিত গাড়ি চালকগণের বদলীর দায়িত্ব মাঠ পর্যায়ে বিকেন্দ্রীকরণ।

সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, উপজেলা পরিষদে রাজস্বখাতে কর্মরত গাড়ি চালক পদে নিয়োজিত কর্মচারীগণের বদলীর ক্ষেত্রে বাস্তব প্রয়োজনীয়তার নিরিখে কেস টু কেস ভিত্তিতে জেলা প্রশাসকগণ স্বীয় অধিক্ষেত্রেভুক্ত উপজেলা পরিষদসমূহের মধ্যে বদলীর ব্যবস্থা গ্রহণ করবেন। একইভাবে আন্তঃজেলা বদলীর ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। আন্তঃবিভাগ বদলীর বিষয়টি স্থানীয় সরকার বিভাগ সম্পাদন করবে।

- ২। সরকার প্রয়োজন মনে করলে জনস্বার্থে উপজেলা পরিষদে কর্মরত যে কোন গাড়ি চালককে দেশের যে কোন জেলার যে কোন উপজেলা পরিষদে বদলী করতে পারবে।
- ৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।


(লুৎফন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

বিতরণ:

- ১। কমিশনার (সকল)
.....বিভাগ।
- ২। জেলা প্রশাসক (সকল)
.....জেলা।

অনুলিপি (জ্ঞাতার্থে):

- ১। চেয়ারম্যান (সকল),উপজেলা পরিষদ,.....জেলা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),উপজেলা,জেলা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।